

উত্তরবঙ্গ জুড়ে মেডিকার ক্যানসার স্ক্রিনিং ক্যাম্প



নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৫ নভেম্বর : উত্তরবঙ্গের অন্যতম ক্যানসার ডায়াগনোসিস হেলথকেয়ার সেন্টার, মেডিকা ক্যানসার হসপিটাল (নর্থ বেঙ্গল অস্কোলজি সেন্টার) উত্তরবঙ্গ জুড়ে নিঃশুষ্ক 'কমিউনিটি-বেসড ক্যানসার স্ক্রিনিং' ক্যাম্প চালু করতে চলেছে। প্রসঙ্গত, ক্যানসার স্ক্রিনিংয়ের মাধ্যমে রোগ নিরূপণ হলে যদি প্রথম অবস্থাতেই ডায়াগনোসিস করে চিকিৎসা করা যায়, তবে বেশিরভাগ ক্যানসার আক্রান্ত রোগীই সুস্থ হয়ে যায়। তাই মেডিকার পক্ষ থেকে জানানো হয়েছে যে, এই ক্যাম্প করার ক্ষেত্রে তাদের মূল লক্ষ্য উত্তরবঙ্গের মানুষের মধ্যে ক্যানসার সম্পর্কে সচেতনতা গড়ে তোলা। তারা আরও জানিয়েছেন যে, সাধার মধ্যে যাতে মানুষ ক্যানসারের মতো মারাত্মক রোগের চিকিৎসা করতে পারে তার জন্য তারা চিকিৎসার ক্ষেত্রে যথাযথ সুযোগ-সুবিধার ব্যবস্থা রেখেছেন তাদের এই হেলথকেয়ার সেন্টারে।